দৈনিক বাংলা

তারিখ ২৮।৫।৮৭
পৃষ্ঠা ... কলাম

058

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতীক ধর্মঘট ও মিছিল

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন-শৃংখলা পরিস্থিতি এবং শিক্ষার পরিবেশের অবনতির প্রতিবাদে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত কাল প্রতীক ধর্মঘট পালন করে। সকালে শিক্ষক সমিতির এক মৌন মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মৌন মিছিলটি সকাল দশটায় কলাভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে বিভিন্ন হল প্রাঙ্গন ও কার্জন হল ঘুরে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে শেষ হয়।

মিছিলে শিক্ষকগণ বিভিন্ন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ধর্মঘট ও মিছিল

(প্রথম পৃঃ পর)

শ্লোগান সংবলিত ব্যানার ও প্ল্যাকার্ড বহন করেন। এগুলোতে 'বিশ্ববিদ্যালয় থেকে অস্ত্র সরাও', 'শিক্ষকদের ওপর হামলা বন্ধ কর', 'শৃংখলা রক্ষায় ছাত্র-শিক্ষক ঐক্য চাই' ইত্যাদি শ্লোগান লেখা ছিল।

**একাডেমিক পরিষদ**

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতির ক্রমাবনতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় একাডেমিক পরিষদ গভীর উদ্বেগ প্রকাশ করেছে। রোববার পরিষদের এক বিশেষ সভায় বর্তমান পরিস্থিতির প্রতিকারের জন্যে সরকার, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, অভিভাবক ও সকল শ্রেণীর নাগরিককে এগিয়ে আসার ও সক্রিয় সহযোগিতা প্রদানের আহ্বান জানানো হয়।

সভায় সর্বসম্মতিক্রমে ভাইস-চ্যান্সেলরকে সভাপতি করে সকল অনুষদের ডীন সমন্বয়ে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিশন গঠন করা হয়েছে। কমিশন অবিলম্বে সমস্যার বিভিন্ন দিক পর্যালোচনা করে এর প্রতিকারের পন্থা সম্পর্কে সুপারিশ করবেন।